গাংনীতে প্রশাসনের হস্তক্ষেপে মুক্তি পেল চেংগাড়া গ্রামের অবরুদ্ধ পঞ্চাশ পরিবার

দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় সংবাদ প্রকাশের পর প্রশাসনের হস্তক্ষেপে গাংনীর চেংগাড়া গ্রামের এক দখলবাজের আবদ্ধতা থেকে রেহায় পেয়েছে অন্তত পঞ্চাশটি পরিবার। সোমবার সকালে গাংনী উপজেলা প্রশাসন ও গাংনী থানা পুলিশের সহায়তায় আবদ্ধকৃত রাস্তাটিতে রাখা বালি অপসারণ করা হয়। রাস্তায় রাখা বালি অপসারনের পর উন্মুক্ত হয় ভুক্তভোগী পরিবারগুলি। উন্মুক্ত রাস্তায় চলাফেরা করতে পেরে ভুক্তভোগীসহ শিশু কিশোরদের মাঝে বইছে নতুন উল্লাশ।

সোমবার দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় “গাংনীতে জোরপুর্বক রাস্তা দখল। আবদ্ধ অর্ধশত পরিবার” শীর্ষক একটি সংবাদ প্রকাশিত হয়। সংবাদটি প্রকাশের পর স্থানীয় প্রশাসন বিষয়টি গুরুত্বের সাথে দেখে রাস্তাটি মানুষ চলাচলালের উপযোগী করেন। প্রশাসনের ভুমিকা ও স্থানীয় সংবাদপত্র ও সাংবাদিকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ভুক্তভোগীরা।

স্থানীয়দের অভিযোগ গাংনী উপজেলার চেংগাড়া ডাক্তার পাড়ায় মানুষ চলাচলের একমাত্র শত বছরের রাস্তা দখল করে বালি রাখায় আবদ্ধ হয়ে পড়ে প্রায় পঞ্চাশ পরিবার। মালিকানা জমির দাবী করে রাস্তা ওপর বালি রাখায় এ সমস্যার সৃষ্টি হয়। রাস্তার ওপর থেকে বালি অপসারণ করে আবদ্ধ পরিবারদের যাতায়াতের ব্যাবস্থা করার দাবীতে গত রবিবার দুপুরে মানববন্ধন করেন ভুক্তভোগীরা।

জানাগেছে, চেংগাড়া গ্রামের মৃত মকবুল হোসেনের ছেলে তোফাজ্জেল হোসেন তার বাড়ির সামনের শত বছরের মানুষ চলাচলের একটি রাস্তা দখল করে তামাকঘর নির্মাণ করছিলেন। এবিষয়ে স্থানীয়রা আদালতে মামলা করেন। বিজ্ঞ আদালতের নির্দেশ অনুযায়ী গাংনী থানায় আদেশ জারি করেন স্থানীয় আইন শৃংখলা বজায় রাখতে।

গাংনী থানা পুলিশ তোফাজ্জেল হোসেনের তামাক ঘর নির্মাণ কাজ স্থগীত করেন এবং বালি অপসারণ করে স্থানীয়দের যাতায়াত নিশ্চিত করতে বলেন। কিন্তু দিনের পর দিন অতিবাহিত হলেও বালি অপসারণ করেনি তোফাজ্জেল হোসেন। বালি রাখার পর থেকেই আবদ্ধ হয়ে পড়ে অর্ধশত

পরিবার। শিশু কিশোরসহ বিভিন্ন বয়সের মানুষ চলাচল বন্ধ হয়ে যায়।

গ্রামের আব্দুল গফুরের ছেলে এনামুল হক, ছহিরুদ্দীন, রফিজউদ্দিনের ছেলে আব্দুল বারিসহ উপস্থিত স্থানীয়রা জানান, এটি প্রায় শত বছর ধরে মানুষ চলাচল করে। প্রায় পঞ্চাশটি পরিবারের একমাত্র রাস্তা এটি। সরকারি টাকায় কয়েকবার মাটি ভরাটের কাজ করে স্থানীয় শোলটাকা ইউনিয়ন পরিষদ। হঠাৎ রাস্তাটি বন্ধ করে আমাদের আবদ্ধ করে রেখেছে তোফাজ্জেল হোসেন। এ নিয়ে কয়েকবার রক্তক্ষয়ি সংঘর্ষের ঘটনাও ঘটেছে বলে জানান স্থানীয়রা।

তবে তোফাজ্জেল হোসেনের মেয়ে পারুলা খাতুন বলেন, জমিটি আমাদের নিজস্ব মালিকানা তাই বালি রাখা হয়েছে। আমাদের নামে কাগজপত্র রয়েছে।

তোফাজ্জেল হোসেনের সাথে মোবাইল ফোনের মাধ্যমে কথা হলে তিনি বলেন, আমি বয়েকদিন পর বালি অপসারণ করব। তবে জমি আমার নামে খতিয়ান ভুক্ত হয়েছে। সরকারি খতিয়ানভুক্ত রাস্তা না।

এবিষয়ে স্থানীয় ইউনিয়ন ভুমি অফিস ডহর উল্লেখ করে রাস্তা হিসেবে ব্যাবহৃত হচ্ছে বলে প্রত্যয়ন প্রদান করেন তহশিলদার। জনগনের রাস্তা হিসেবে সরকারি অর্থে মাটি ভরাটের কাজ করা হয়েছে এবং দীর্ঘদিন রাস্তা হিসেবে ব্যাবহৃত হচ্ছে মর্তে প্রত্যয়ন দেন ষোলটাকা ইউপি চেয়ারম্যান মনিরুজ্জামান মনি।

এদিকে রাস্তাটি পুনরাই অবদ্ধ করতে বিভিন্ন মহলে দৌড়ঝাঁপ শুরু করেছেন তোফাজ্জেল হোসেন ও তার পরিবার। ভুক্তভোগীদের দাবী পঞ্চাশ পরিবারের চলাচলের একমাত্র রাস্তাটি যেন আর আবদ্ধ না হয় তার জন্য প্রশাসনের ভুমিকা রাখতে সবিনয়ে অনুরোধ করেন।

আমঝুপির বিশিষ্ট ব্যবসায়ী হাজী নজরুল ইসলাম ন্যাংড়া’র দাফন

সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের বিশিষ্ট ব্যবসায়ী ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দাতা সদস্য হাজী মোঃ নজরুল ইসলাম ন্যাংড়া বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৭০ বছর।

জানা যায়, গত রবিবার রাত ৯ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামে নিজ বাড়িতে শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি স্ত্রীসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

আজ সোমবার সকাল ১১ টায় আমঝুপি আলিম মাদ্রাসা প্রাঙ্গনে জানাযা শেষে গ্রাম্য কবরস্থানে দাফন সম্পূর্ণ করা হয়।

চুয়াডাঙ্গায় অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে জাহাঙ্গীর আলম এর যোগদান

চুয়াডাঙ্গা জেলা পুলিশে অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে জাহাঙ্গীর আলম (সদর সার্কেল) কে ফুলেল শুভেচ্ছা ও গিফট দিয়ে বরণ করে নেন চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

আজ সোমবার সকাল দশ টার সময় পুলিশ সুপারের কার্যালয়ে এই শুভেচ্ছা জানানো হয়

এ সময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) কনক কুমার দাস সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ।

অতিরিক্ত পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জাহাঙ্গীর আলম ৩০তম বিসিএস ক্যাডারে সহকারি পুলিশ সুপার হিসাবে গত ০৩/০৬/২০১২ খ্রিঃ তারিখে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করেন। তিনি ময়মনসিংহ

জেলার ভালুকা থানাধীন আঙ্গারপাড়া গ্রামের সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

তিনি চুয়াডাঙ্গা জেলার সর্বস্তরের মানুষের সহযোগিতা কামনা করেন।

মেহেরপুরে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র স্থাপন করা হবে-জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মেহেরপুর পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) দপ্তরের নতুন অফিসের উদ্বোধন কালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি বলেন, মেহেরপুরে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র স্থাপন করা হবে।

অন্য দেশের তুলনায় আমরা এখন অনেক এগিয়ে যাচ্ছি। সোমবার দুপুরে শহরের বামুনপাড়া এলাকায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ অফিসের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি ।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী আরও বলেন, দুটি বাধ তৈরী করা হবে মেহেরপুর অংশে। যার ফলে বৃষ্টির পানি আমরা বেধে রাখতে পাববো। মেহেরপুর অংশে ৩০ কিলোমিটার এবং চুয়াডাঙ্গা এলাকায় ২৬ কিলোমিটার নদী খনন হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রাশসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফরিদপুর পশ্চিমাঞ্চল বাপাউবোর অতিরিক্ত প্রধান প্রকৌশলী আবদুল হেকিম, মেহেরপুর পুলিশ সুপার এস এম মুরাদ আলি, কুষ্টিয়া পওর সার্কেলের তত্ত্ববোধায়ক প্রকৌশলী মনিরুজ্জামান, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)-এর নিবার্হী প্রকৌশলী শাহিনুজ্জামান।

এসময় সরকারি ও রাজনৈতিক ব্যক্তিবর্গ ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

‘ফ্রন্টলাইন জার্নালিজম অ্যাওয়ার্ড’ পেলেন মেহেরপুরের মাসুদ রুমী

করোনা মহামারির কঠিন সময়ে সম্মুখ সারিতে দায়িত্ব পালনের জন্য ‘অ্যামচ্যাম ফ্রন্টলাইন জার্নালিজম অ্যাওয়ার্ড’ পেয়েছেন মেহেরপুরের কৃতি সন্তান কালের কণ্ঠ’র বিজনেস এডিটর মাসুদ রুমী।

তিনি মেহেরপুরের মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের কৃতি সন্তান।

মহামারির প্রাদুর্ভাবকালে সম্মুখ সারির সাংবাদিকদের কাজের স্বীকৃতি ও সম্মান জানাতে এই অ্যাওয়ার্ড দিয়েছে ‘দি আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ’ (অ্যামচ্যাম)।

গত ৭ আগস্ট কালের কণ্ঠে প্রকাশিত ‘মেঘ কাটছে অর্থনীতির’ শীর্ষক প্রতিবেদনের জন্য তিনি এই অ্যাওয়ার্ড পেয়েছেন।

গতকাল রবিবার এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে অ্যাওয়ার্ড বিজয়ীদের নাম ঘোষণা করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। অ্যামচ্যামের সভাপতি সৈয়দ এরশাদ আহমেদের সভাপতিত্বে এবং সহসভাপতি সৈয়দ মোহাম্মদ কামালের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আর্ল মিলার, মাস্টহেড পিআরের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা জিয়াউদ্দিন আদিল। অনুষ্ঠানে অ্যামচ্যামের সাবেক সভাপতি, নির্বাহী কমিটির সদস্যসহ অ্যামচ্যাম ও মার্কিন দূতাবাসের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

শুরুতেই টাইগার শিবিরে হানা, শূন্য রানে লিটনের বিদায়

চট্টগ্রামের সাগরিকার জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে তৃতীয় ও শেষ ওয়ানডেতে মাঠে নেমেছে ওয়েস্ট ইন্ডিজ ও বাংলাদেশ। টাইগারদের টার্গেট হোয়াইট ওয়াশ, আর ক্যারিবীয়দের চেষ্টা অন্তত একটি জয়। টস জিতে বোলিংয়ের সিদ্ধান্ত নিয়েছেন ওয়েস্ট ইন্ডিজ অধিনায়ক জেসন মোহাম্মদ।

দিনের শুরুটা মোটেও ভালো হয়নি টাইগারদের। দলীয় ১ রানে শূন্য হাতে বিদায় নিয়েছেন লিটন দাস। আলজারি জোসেফের বলে এলবিডব্লিউ হয়ে বিদায় নেন এই টাইগার ওপেনার।

এ ম্যাচে বাংলাদেশ একাদশে জায়গা করে নিয়েছেন পেসার তাসকিন আহমেদ ও অলরাউন্ডার সাইফউদ্দিন। আর জায়গা হারিয়েছেন হাসান মাহমুদ ও রুবেল হোসেন।
বাংলাদেশ একাদশ:

লিটন দাস, তামিম ইকবাল (অধিনায়ক), নাজমুল হোসেন শান্ত, সাকিব আল হাসান, মুশফিকুর রহিম (উইকেটরক্ষক), সৌম্য সরকার, মাহমুদউল্লাহ, মোহাম্মদ সাইফউদ্দিন, মেহেদী হাসান মিরাজ, তাসকিন আহমেদ, মুস্তাফিজুর রহমান।

ক্যারিবীয় দলে দুটি পরিবর্তন এসেছে। বাদ পড়েছেন জোসুয়া দা সিলভা ও অ্যান্ড্রে ম্যাকার্থি। তার বদলে অভিষেক হলো জাহমার হ্যামিল্টন ও কেওন হার্ডিংয়ের।

ওয়েস্ট ইন্ডিজ একাদশ:
সুনীল আমব্রিস, কেওর্ন ওটলি, জাহমার হ্যামিল্টন (উইকেটরক্ষক), জেসন মোহাম্মদ (অধিনায়ক), কাইল মায়ার্স, এনক্রুমাহ বোনার, রোভম্যান পাওয়েল, রেমন রেইফার, কেওন হার্ডিং, আলজারি জোসেফ, আকিল হোসেন।

মহাকাশে আবারও রেকর্ড গড়লো স্পেস এক্স

মহাকাশে আবারও রেকর্ড গড়লো স্পেস এক্স। একটি ফ্যালকন নাইন রকেটে করে মহাকাশে ১৪০টিরও বেশি জিনিস পাঠানো হলো। তার মধ্যে স্যাটেলাইট এবং স্পেসক্রাফট রয়েছে।

অরবিটে ওই সমস্ত জিনিস পৌঁছে দিয়ে দুই ঘণ্টার মধ্যে অ্যাটলান্টিক মহাসাগরে ভেঙে পড়েছে ফ্যালকন নাইন রকেটটি। ওই ভাবেই তাকে প্রোগ্রাম করা হয়েছিল। স্পেস এক্স-এর তরফে জানানো হয়েছে, এত বড় প্রকল্প একবারে করতে পেরে তারা অত্যন্ত খুশি। খবর রয়টার্স।

রবিবার ফ্লোরিডার কেপ ক্যানাভেরাল মহাকাশ গবেষণা কেন্দ্র থেকে ফ্যালকন নাইন রকেটটির উৎক্ষেপণ হয়। ১৪৩টি স্পসক্রাফট এবং স্যাটেলাইট ছিল তার মধ্যে। ফ্যালকন নাইনের কাজ ছিল, পৃথিবীর সীমানা ছাড়িয়ে অরবিটে ওই স্যাটেলাইট এবং স্পেসশিপগুলিকে প্রতিষ্ঠা করা।

স্পেস এক্স-এর প্রোডাকশন সুপারভাইসার অ্যান্ডি ট্র্যান জানিয়েছেন, নতুন রেকর্ড গড়ে তাঁরা খুশি। তিনি জানিয়েছেন, মাত্র দুই ঘণ্টার মধ্যে রকেটটি অরবিটে পৌঁছে গিয়েছে।

ফ্যালকন নাইনে ১৩৩টি সরকারি এবং বেসরকারি সংস্থার স্পেসক্রাফট ছিল। ১০টি স্পেস এক্স-এর নিজস্ব স্যাটেলাইট ছিল। অরবিটে এ ধরনের ৮০০টি স্যাটেলাইট প্রতিস্থাপনের কাজ করছে তারা। ওই স্যাটেলাইটের মাধ্যমে ব্রডব্যান্ডের কাজ করা হচ্ছে।

যে ভাবে অরবিটে স্পেস এক্স স্যাটেলাইট ছড়িয়ে দিচ্ছে, তা নিয়ে কোনো কোনো বিজ্ঞানী উদ্বেগ প্রকাশ করেছেন। তাদের বক্তব্য, অরবিটে এর ফলে দূষণ ছড়াচ্ছে। স্পেস এক্স অবশ্য এই অভিযোগ মানতে রাজি হয়নি। সূত্র: ডিডাব্লিউ

১৪ দিন পরে চীনের খনি থেকে ১১ শ্রমিক উদ্ধার

১৪ দিন পরে চীনের একটি দুর্ঘটনা কবলিত স্বর্ণখনি থেকে আটকে পড়া ১১ শ্রমিককে উদ্ধার করা হয়েছে। গত ১৪ দিন ধরে খনির কয়েকশ মিটার নীচে আটকে ছিলেন তারা।

গতকাল রবিবার প্রথম শ্রমিককে বের করে আনার সময় উদ্ধারকারীদের উল্লাস করতে দেখা গেছে। টিভি ফুটেজে দেখা যায়, আলো থেকে রক্ষায় ওই শ্রমিকের চোখ কাপড় দিয়ে ঢাকা ছিল। খবর আল-জাজিরা।

উল্লেখ্য, গত ১০ জানুয়ারি শানদং প্রদেশের হুশান স্বর্ণখনিতে বিস্ফোরণের পর এটির প্রবেশ টানেল ভেঙে পড়ে। সে সময় মোট ২২ জন শ্রমিক ভূগর্ভে আটকে পড়েন। এখনো খনির ভেতরে আটকে পড়া ৯ থেকে ১০ জন শ্রমিকের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি। তারা জীবিত আছেন কিনা সে বিষয়টিও অনিশ্চিত।

রবিবার সকালে প্রথম শ্রমিককে উদ্ধার করে সঙ্গে সঙ্গে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তার শারীরিক অবস্থা ‘অত্যন্ত দুর্বল’ বলে জানানো হয়েছে। এর প্রায় এক ঘণ্টা পর খনির অন্য একটি অংশ থেকে আরও ১০ শ্রমিককে উদ্ধার করা হয়।

দেশে পৌঁছেছে করোনার ৫০ লাখ ডোজ ভ্যাকসিন

ভারতের সেরাম ইনস্টিটিউট থেকে সরকারের কেনা অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকার টিকা ৫০ লাখ ডোজ দেশে পৌঁছেছে। আজ সোমবার সকাল ১১টার কিছু পর রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এয়ার ইন্ডিয়ার একটি উড়োজাহাজে এসব ভ্যাকসিন এসে পৌঁছায়। ভ্যাকসিনের বিষয়ে আজ সকাল সাড়ে ১১টায় ব্রিফ করবে বেক্সিমকো।

টিকা সংরক্ষণের জন্য বেক্সিমকোর ওয়্যারহাউসে নিয়ে যাওয়া হবে। এরপর সরকারের সিদ্ধান্ত অনুযায়ী তারিখে তা জেলা-উপজেলার নির্ধারিত স্থানে পৌঁছে দেবে বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড।

এই টিকার বাইরে দেশের ফার্মাসিউটিক্যালস কোম্পানিতে কর্মরতদের সুরক্ষায় ১০ লাখ ডোজ টিকা আনবে বেক্সিমকো।

গতকাল স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক সচিবালয়ে সাংবাদিকদের বলেন, ভারতের সেরাম ইনস্টিটিউটের কাছ থেকে সরকার অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার যে ৩ কোটি ডোজ টিকা কিনছে, তার প্রথম চালানের ৫০ লাখ ডোজ টিকা সোমবার (আজ) দেশে আসতে পারে। সেজন্য প্রস্তুতি রাখা হয়েছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার গাইডলাইন অনুযায়ী বৈজ্ঞানিক সিদ্ধান্ত অনুযায়ী টিকা দেওয়া হচ্ছে। বাংলাদেশেও সে অনুযায়ী টিকা দেওয়া হবে।

হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতিসহ ৩ নেতাকে অবৈধ বহিষ্কারের প্রতিবাদে সংবাদ সম্মেলন

গত শনিবার ২৩ শে জানুয়ারি বহিষ্কার করা হয়েছে হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিউর রহমান জোয়ার্দ্দার, যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম শরিফ ও হরিণাকুণ্ডু পৌরসভার বর্তমান মেয়র আওয়ামী লীগ নেতা শাহিনুর রহমান রিন্টকেু।

বহিষ্কারের কারণ হিসেবে জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আছাদুজ্জামান আছাদ জানান, ৩য় ধাপে অনুষ্ঠিত হরিণাকুণ্ডু পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ থেকে পৌরসভার বর্তমান কাউন্সিলর ফারুক

হোসেনকে মনোনীত করা হয়েছে।

কিন্তু ওই ৩ আওয়ামী লীগ নেতা বিভিন্ন সময় আওয়ামী লীগ মনোনীত নৌকা মার্কার মেয়র প্রার্থী ফারুক হোসেনের বিরুদ্ধে নির্বাচনী প্রচারণাসহ মানববন্ধন, উস্কানীমূলক বক্তব্য, উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে বসে নেতাকর্মীদের নৌকার বিরুদ্ধে কাজ করতে উৎসাহিত করে আসছে।

এ ঘটনায় মেয়র প্রার্থী ফারুক হোসেন আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা কমিটির কাছে অভিযোগ করে। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন্দ্রের নির্দেশে ওই ৩ জনকে বহিষ্কার করা হয়েছে।

এই বহিষ্কার আদেশ অবৈধ সম্পূর্ণ অন্যায় এবং সংগঠনের গঠনতন্ত্রের পরিপন্থী দাবী করে গতকাল রবিবার শিতলী গ্রামে মশিউর রহমান জোয়ার্দ্দারের বাড়ীতে ১২টার দিকে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে এই দাবী করে সদ্য বহিষ্কার কৃত আওয়ামী লীগ নেতা।

এই সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলো হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকসহ আওয়ামী লীগের অন্যান্য নেতৃবৃন্দ।

তিনি বলেন, বাংলাদেশ আওয়ামী লীগের ৪৭ ধারার ১০ উপ-ধারায় উল্লেখ আছে কাউকে বহিষ্কার করতে হলে জেলা কমিটির সাধারণ সভায় ২/৩ সদস্যের মতামাতের ভিত্তিতে কেন্দ্রীয় কমিটিতে সুপারিশ পাঠাতে হবে। তারপর কেন্দ্রীয় কমিটি তদন্তের মাধ্যমে প্রমাণিত হলে তখন চুড়ান্ত বহিষ্কার করবে। তার আগে এই আদেশ কোন গণ মাধ্যমে দেওয়ার সুযোগ নেই।

তিনি আরও বলেন যে, আমি গত ২৩ তারিখ রোজ শনিবার বেলা ৩ টায় ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি জনাব আব্দুল হাই এমপির সাথে নৌকা প্রতীকের ভোট প্রচারণা করছিলাম। প্রচারণা শেষে ঝিনাইদহ ফেরার পথে ফেসবুকের মাধ্যমে জানতে পারলাম যে, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ আমাকে যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম শরিফ ও হরিণাকুণ্ডু পৌরসভার বর্তমান মেয়র আওয়ামী লীগ নেতা শাহিনুর রহমান রিন্টু কে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

তিনি আরও জানান আসন্ন পৌরসভা নির্বাচনে দলীয় প্রার্থী ঘোষণা হওয়ার পর হরিণাকুণ্ডু পৌর আওয়ামী লীগের উদ্যোগে ২৮ সে ডিসেম্বর বেলা ১ টার দিকে একটি মানববন্ধন অনুষ্ঠিত হয়। উক্ত মানববন্ধনে আমিসহ আওয়ামী লীগের সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিল। উক্ত

[redacted]

[redacted]

[redacted]

[redacted]